



স্মারক নম্বর-৩৩.০০.০০০০.১২৬.০৫.০২২.১৪-২১১

তারিখঃ ২৯ বৈশাখ ১৪২৮  
১২ মে ২০২১ খ্রিঃ

### প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৭/০৯/২০১৬ তারিখের ৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪.১১১ নং স্মারক পত্রের সুপারিশ, মেডিকেল কোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে “কারিগরী সহকারী” পদে নিম্নবর্ণিত ০১ (এক) জন কর্মকর্তাকে ১০ম গ্রেডে (জাতীয় বেতন স্কেল, ২০১৫, এর টাকাঃ ১৬০০০-৩৮৬৪০/- স্কেলে) নিম্নোক্ত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

### শর্তাবলীঃ

- যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা নিয়োগপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকরি থেকে অপসারণ করতে পারবে;
- চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অজীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;
- উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৩/০৫/২০২১ খ্রিষ্টাব্দ তারিখ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা বরাবর যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

ক্রমিক নং	রেজিঃ নম্বর ও সুপারিশের ভিত্তি	নিজ জেলা	সুপারিশকৃত প্রার্থীর নাম	সুপারিশকৃত পদের নাম	মন্তব্য
১.	০৯৬৫৯৪ (মুক্তিযোদ্ধা)	বাগেরহাট	সরদার ইকবাল হোসেন	“কারিগরী সহকারী”	মুক্তিযোদ্ধা

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাফছা বেগম

উপসচিব

ফোন নং-৯৫৭৭২৬২

অপর পৃষ্ঠা দৃষ্টব্য

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (নব যোগদানকৃত কর্মকর্তাকে “কারিগরি সহকারী” পদে পদায়নের অনুরোধসহ)।
- ৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা/পরিচালক/অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। উপপরিচালক/ অধ্যক্ষ, -----।
- ৮। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সরদার ইকবাল হোসেন, পিতাঃ সরদার আছমত আলী, মাতাঃ হালিমা বেগম, গ্রামঃ রাজপাট, ডাকঘরঃ ফকিরহাট, উপজেলাঃ ফকিরহাট, জেলা বাগেরহাট।
- ১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক.....।
- ১৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
- ১৪। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।